

সিস্টেম সিকিউরিটির কিছু টুল

মোহাম্মদ ইশতিয়াক আহান

সিকিউরিটির কথা চিন্তা করে অনেক ব্যবহারকারী রয়েছেন যারা প্রতিদিনই ইন্টারনেটে বিভিন্ন ধরনের সিস্টেম সিকিউরিটিসংশ্লিষ্ট টুল খুঁজে উত্থাপন করে তা কমপিউটারে ব্যবহার করে দেখেন কোন সিকিউরিটি টুল কেমন সুবিধা দেয়। কিছু ব্যবহারকারী ভাইরাসের জন্যে কমপিউটারে বেশি চাপ রাখতে হয় পান বা কমপিউটারে পেনড্রাইভ ব্যবহার করতে হয় পান।

ভাই/ফাইল এক কমপিউটার থেকে অন্য কমপিউটারে লেনদেনের করার ক্ষেত্রে বিভিন্নভাবে ভাইরাস স্থানান্তরিত হতে পারে, যেমন : পেনড্রাইভ, মোবাইলের মেমরি কার্ড, লোকাল এরিয়া নেটওয়ার্কের সিডি/ডিভিডি/ব্লু-টুথ, ওয়্যারলেস নেটওয়ার্ক ইত্যাদির মাধ্যমে। অনেক ব্যবহারকারীকে দেখা যায় ভাইরাস আক্রান্ত সিডি/ডিভিডি থেকে গেম বা সফটওয়্যার চালাবার জন্য খুব চেষ্টা করে থাকেন। এজন্য তারা সিকিউরিটি টুল ডিঅ্যাক্টিভ করে গেম বা সফটওয়্যার ইনস্টল করেন, যা মোটেও উচিত নয়। কেননা, সিকিউরিটি টুল ডিঅ্যাক্টিভ করার মাধ্যমে কমপিউটারকে অরক্ষিত করে দিচ্ছেন এবং আক্রান্ত সফটওয়্যার ইনস্টল করে কমপিউটারকে আরো ক্ষতি করার পথ খুলে দিচ্ছেন। এবারের লেখায় সিস্টেমের সিকিউরিটির জন্য আরো কিছু টুল সম্পর্কে আলোচনা করা হয়েছে।

কমোডো ইন্টারনেট সিকিউরিটি

৩.১৩ : কমোডো ইন্টারনেট সিকিউরিটি টুলটি অল-ইন-ওয়ানসহ একটি সিকিউরিটি সলিউশন, যা আপনাকে ফায়ারওয়াল, অ্যান্টিভাইরাস ও অ্যান্টিম্যালওয়্যার প্রটেকশনসহ মেমরি ফায়ারওয়াল দিয়ে থাকবে। এই টুলটি আপনার কমপিউটারকে ইন্টারনেট থেকে বিভিন্ন ধরনের ক্ষতিকর আক্রমণ থেকে রক্ষা করবে। এই ফায়ারওয়াল টুলটি আপনাকে সম্পূর্ণ কন্ট্রোলযুক্ত নিরাপত্তা বিধান করবে, যা দিয়ে আপনি গ্রিক করে দিতে

পারবেন কোন কোন প্রোগ্রাম ইন্টারনেট ব্যবহার করতে পারবে, বা কোন কোন প্রোগ্রাম ইন্টারনেট ব্যবহার করতে পারবে না এবং এর সাথে থাকছে রিয়েল টাইম অন-ডিমান্ড স্ক্যানিংয়ের সুবিধা। ৩২-বিট ও ৬৪-বিটের দুটি ভার্সনই ইন্টারনেটে পাওয়া যাচ্ছে। সাইজের দিক থেকে এই সফটওয়্যারটি ৩৯ মেগাবাইট, যা উইন্ডোজ এক্সপি/ভিস্টা/৭ অপারেটিং সিস্টেমে চালাতে পারে। সফটওয়্যারটি ডাউনলোড করার জন্য ভিজিট করুন : www.comodo.com।

মাইক্রোসফট সিকিউরিটি এসেন্সিয়াল :

মাত্র ১২.৫ মেগাবাইটের এই টুলটি একটি ভালো অ্যান্টিভাইরাস প্রোগ্রাম হিসেবে কাজ করছে, যা রিয়েল টাইম এবং অন-ডিমান্ড নিরাপত্তাজনিত সুবিধা দেবে এবং ভাইরাস, স্পাইওয়্যার ও অন্যান্য ম্যালওয়্যারের হাত হতে রক্ষা করবে। ক্লিক ও ফুল স্ক্যানিং পদ্ধতিতে স্ক্যান করতে পারে এই টুলটি সমগ্র একবার স্বয়ংক্রিয়ভাবে চালু হয়ে সিস্টেমকে স্ক্যান করবে। আরো বেশ কিছু ফিচার ও সুবিধা এই টুলটিতে যুক্ত করা হয়েছে। টুলটি উইন্ডোজ এক্সপি/ভিস্টা/৭ অপারেটিং সিস্টেমে চালানো যাবে এবং সফটওয়্যারটি ইন্টারনেট থেকে ফ্রি ডাউনলোড করে নিতে পারেন। এজন্য ভিজিট করুন : microsoft.com/security_essentials।

অ্যান্ড-অ্যাওয়ার : এই টুলটি একটি জনপ্রিয় অ্যান্টিম্যালওয়্যার প্রোগ্রাম, যা রিয়েলটাইম নিরাপত্তাজনিত সুবিধা দেবে। এই টুলটির নতুন ভার্সনে বেশ কিছু সুবিধা যুক্ত করে ইন্টারনেটে ছাড়া হয়েছে। এটি ব্যবহার করে ম্যালওয়্যার স্ক্যান, রুটকিট রিমুভাল এবং ট্র্যাকসুইপ প্রাইভেসি ক্রিনার হিসেবে কাজ করানো যায়। নতুন ভার্সনের এই টুলটি দিয়ে হুমকি শনাক্তও করা সম্ভব। সাইজের দিক থেকে



এই টুলটি মাত্র ৮-৭ মেগাবাইট, যা ইন্টারনেট থেকে ফ্রি ডাউনলোড করে ব্যবহার করতে পারবেন। এজন্য ভিজিট করুন : www.lavasoft.com।

সিক্টিনার ২.২৬ :

এই টুলটি একটাই প্রয়োজনীয় যে এর সাহায্যে বিভিন্ন ধরনের টেম্পোরারি ফাইল, কুকিজ, ফ্লাগমেন্ট ফাইলসহ আরো অপ্রয়োজনীয় ফাইল খুঁজে তা মুছে

ফেলতে সাহায্য করবে। ফাইলগুলো মোছার জন্য এখানে দুটি মাধ্যমে কাজ করতে পারে। যেমন : সাধারণভাবে এবং সিকিউরিটিভে। অপ্রয়োজনীয় সিস্টেমের ফাইল, কুকিজ,



টেম্পোরারি ফাইলও সিস্টেমকে অরক্ষিত করে রাখতে পারে। তাই এসব অপ্রয়োজনীয় ফাইল কমপিউটার থেকে মুছে ফেলা প্রয়োজন। সাইজের দিক থেকে এই সফটওয়্যারটি মাত্র ৩.২ মেগাবাইট, যা উইন্ডোজ এক্সপি/ভিস্টা/৭ অপারেটিং সিস্টেমে চালানো সম্ভব। সফটওয়্যারটি চালানোর জন্য ভিজিট করুন : www.ccleaner.com।

উপরে আলোচিত টুলসহ আরো নানাধরনের সিকিউরিটি টুল ইন্টারনেটে পাওয়া যাচ্ছে। আপনারা ইন্টারনেটে ব্রাউজ করেও এসব টুল সম্পর্কে জানতে পারবেন। যদি প্রশ্ন থাকে, কোন টুল ব্যবহার করবেন? এর জন্য সহজ উত্তর হচ্ছে যে টুলটি ব্যবহার করতে চাচ্ছেন তার রেটিং ও রিভিউ ভালোভাবে পড়ে নিন। এতে উক্ত টুল সম্পর্কে অন্যান্য ব্যবহারকারীর মতব্য পড়ে বুঝতে পারবেন। এই ধরনের টুল সম্পর্কে আরো কিছু জানার থাকলে বা আরো জানার জন্য ভিজিট করুন : serversolution4u.com।

ফিডব্যাক : rcm446@yahoo.com